

বিজিএ/কাস/২০২২/২২৬

তারিখ: ১৯/০৯/২০২২

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়: নির্দিষ্ট সীমা পর্যন্ত ঋণ গ্রহণ এবং ক্রেডিট কার্ড ও লেনদেনের ক্ষেত্রে তফসিলী ব্যাংকসমূহে আয়কর রিটার্ন দাখিলের প্রমাণপত্র জমা দেয়ার বাধ্যবাধকতা প্রত্যাহার প্রসঙ্গে।

সূত্র: জাতীয় রাজস্ব বোর্ডের বিশেষ আদেশ নং ০৮.০১.০০০০.০৩০.০৬.০০৫(অংশ-১)২১/২০২০,
তারিখ: ১৮/০৯/২০২২।

সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, করারোপযোগ্য আয় না থাকা সাপেক্ষে ২০ লক্ষ টাকা সীমা পর্যন্ত ঋণ গ্রহণ এবং শিক্ষার্থী ক্যাটাগরিতে ২ লক্ষ টাকা সীমা পর্যন্ত ক্রেডিট কার্ডে লেনদেনের ক্ষেত্রে তফসিলী ব্যাংকসমূহে আয়কর রিটার্ন দাখিলের প্রমাণপত্র জমা দেয়ার বাধ্যবাধকতা প্রত্যাহার করে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক সূত্রোক্ত বিশেষ আদেশ জারী করা হয়েছে।

জাতীয় রাজস্ব বোর্ডের জারীকৃত বিশেষ আদেশটি আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,


মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

[বাংলাদেশ গেজেটে পরবর্তী বিশেষ সংখ্যায় প্রকাশিতব্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

[কর নীতি উইং]

সেগুনবাগিচা, ঢাকা

www.nbr.gov.bd

বিশেষ আদেশ

নথি নং- ০৮.০১.০০০০.০৩০.০৬.০০৫(অংশ-১).২১/২০৩


তারিখঃ ০৩ আশ্বিন, ১৪২৯ বঙ্গাব্দ
১৮ সেপ্টেম্বর, ২০২২ খ্রিঃ

বিষয়ঃ নির্দিষ্ট সীমা পর্যন্ত ঋণ গ্রহণ এবং ক্রেডিট কার্ড এ লেনদেনের ক্ষেত্রে তফসিলী ব্যাংকসমূহে আয়কর রিটার্ন দাখিলের প্রমাণপত্র জমা দেওয়ার বাধ্যবাধকতা প্রত্যাহার প্রসঙ্গে।

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 184A এর উপধারা (4) এ প্রদত্ত ক্ষমতাবলে করারোপযোগ্য আয় না থাকা সাপেক্ষে ২০ লক্ষ টাকা সীমা পর্যন্ত ঋণ গ্রহণ এবং শিক্ষার্থী ক্যাটাগরিতে ২ লক্ষ টাকা সীমা পর্যন্ত ক্রেডিট কার্ডে লেনদেনের ক্ষেত্রে তফসিলী ব্যাংকসমূহে আয়কর রিটার্ন দাখিলের প্রমাণপত্র জমা দেওয়ার বাধ্যবাধকতা এতদ্বারা প্রত্যাহার করা হলো।

২। এ আদেশ ৩০ জুন, ২০২৩ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

 ১৮/০৯/২২

মোঃ মহিদুল ইসলাম চৌধুরী

দ্বিতীয় সচিব (কর আইন-১)

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

উপপরিচালক

বাংলাদেশ সরকারী মুদ্রণালয়

তেজগাঁও, ঢাকা